

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/১১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

এস. আর. ও ২৮৬-আইন/২০১৮।—ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ (২০১৪ সনের ১০ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার উক্ত আইনের ধারা ৩৯ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

#### প্রথম অধ্যায়

#### প্রারম্ভিক, ইত্যাদি

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন (২০১৪ সনের ১০ নং আইন);

(খ) “আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি” অর্থ DNA Commission of the International Society for Forensic Genetics কর্তৃক এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে স্বীকৃত কোন পদ্ধতি অথবা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন পদ্ধতি;

(গ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ ধারা ২০ এর অধীন গঠিত ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর;

(১২১৬৩)

মূল্য : টাকা ২০.০০

- (ঘ) “জৈব নমুনা” অর্থে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে ধারা ২ এর দফা (৬) অনুসারে দেহগত এবং কোষকলা হইতে প্রাপ্ত নমুনা যেমন, রক্ত, মুখ গহ্বরের কোষ, যোনী রস, বীর্যরস, চুল, হাড়, দাঁত, করিওনিক ভিলাস বা এমনিওটিক ফ্লুইডকে বুঝাইবে;
- (ঙ) “ডিএনএ নমুনা” অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত ডিএনএ নমুনা;
- (চ) “ডিএনএ ল্যাবরেটরী” অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ধারা ১৪ এর—
- (অ) উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত ডিএনএ ল্যাবরেটরী; এবং
- (আ) উপ-ধারা (৩) এর অধীন প্রতিষ্ঠিত ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী বা এনএফডিপিএল;
- (ছ) “ধারা” অর্থ আইনে কোন ধারা;
- (জ) “নির্ধারিত ব্যক্তি” অর্থ ধারা ২ এর দফা (৯) এ সংজ্ঞায়িত নির্ধারিত ব্যক্তি;
- (ঝ) “ফরম” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম; এবং
- (ঞ) “যোগ্যতাসম্পন্ন ব্যক্তি” অর্থ ধারা ২ এর দফা (১৪) এ সংজ্ঞায়িত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি।

### দ্বিতীয় অধ্যায়

#### নমুনা সংগ্রহ পদ্ধতি, সম্মতি, ইত্যাদি

৩। পরিচিতি নিশ্চিতকরণে ডিএনএ নমুনা প্রদানের অনুরোধ।—যদি কোনো অপরাধ সংঘটিত হয় তাহা হইলে তদন্তের প্রয়োজনে ও পরিচিতি নিশ্চিতকরণের লক্ষ্যে কোনো পুলিশ কর্মকর্তা উক্ত অপরাধের ফলে কোন ক্ষতিগ্রস্ত, সন্দেহভাজন, বা অভিযুক্ত ব্যক্তি অথবা উক্ত অপরাধ সংঘটনের সহিত জড়িত অন্য কোন ব্যক্তির রক্ত সম্পর্কিত কোন আত্মীয়কে ডিএনএ নমুনা প্রদানের জন্য অনুরোধ করিতে পারিবেন।

৪। ডিএনএ নমুনা প্রদানের ক্ষেত্রে লিখিত সম্মতি, ইত্যাদি।—(১) ধারা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে কোন ব্যক্তির ডিএনএ নমুনা সংগ্রহের জন্য ফরম-২ অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তির লিখিত সম্মতি গ্রহণ করিতে হইবে।

(২) ধারা ৭ এর বিধান অনুযায়ী যদি কোনো ব্যক্তি ডিএনএ নমুনা প্রদানে অসম্মতি জ্ঞাপন করেন তাহা হইলে উক্ত ব্যক্তিকে ফরম-৩ অনুসারে অসম্মতি জ্ঞাপন করিতে হইবে।

৫। ডিএনএ নমুনা সংগ্রহ, সংরক্ষণ ও সতর্কতা, ইত্যাদি।—(১) যোগ্যতাসম্পন্ন ব্যক্তি বা নির্ধারিত ব্যক্তি এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া অনূন ২(দুই) জন সাক্ষীর উপস্থিতিতে ডিএনএ নমুনা সংগ্রহ করিতে পারিবে।

(২) ডিএনএ নমুনা বা ফরেনসিক আলামত বা অনুরূপ নমুনা বা আলামত সংগ্রহের পর উহা সংরক্ষণ, পরিবহণ বা ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণের ক্ষেত্রে নতুন কাগজের খাম বা ব্যাগে সিলগালা করিয়া প্রেরণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, ডিএনএ নমুনা বা আলামত সংগ্রহের পর উহা সংরক্ষণ, পরিবহণ বা ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণের ক্ষেত্রে কোন অবস্থাতেই পলিথিন বা প্লাস্টিক বা অনুরূপ প্রকৃতির ব্যাগ ব্যবহার করা যাইবে না।

(৩) যে কোন ডিএনএ নমুনা শুকানোর ক্ষেত্রে কোন অবস্থাতেই সূর্যের তাপ অথবা কৃত্রিম বাতাস সৃষ্টিকারী কোন যন্ত্র যেমন, হেয়ার ড্রায়ার বা অনুরূপ কোন ইলেকট্রিক্যাল যন্ত্র ব্যবহার করা যাইবে না।

(৪) এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসারে এমনভাবে ডিএনএ নমুনা সংগ্রহ ও সংরক্ষণ করিতে হইবে যাহাতে নমুনার বৈশিষ্ট্য বা গুণাগুণ নষ্ট না হয়।

(৫) ডিএনএ নমুনা সংগ্রহ ও সংরক্ষণের ক্ষেত্রে গোপনীয়তা অবলম্বন করিতে হইবে এবং এইরূপ সতর্ক থাকিতে হইবে যাহাতে কোনভাবেই বহিরাগত বা স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি উহা পরিবর্তন বা বিনষ্ট করিতে না পারে।

(৬) ডিএনএ নমুনা বিশ্লেষণের সময় এবং উহার ফলাফল সংরক্ষণ ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণের সময় সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করিতে হইবে।

৬। মাতৃত্ব বা পিতৃত্ব নিরূপনে ডিএনএ নমুনা সংগ্রহ পদ্ধতি।—(১) কোন ব্যক্তির মাতৃত্ব বা পিতৃত্ব সম্পর্ক নিরূপনের ক্ষেত্রে এই বিধিমালার বিধান অনুসারে সংশ্লিষ্ট সন্তান, এবং ক্ষেত্রমত, তাহার মাতা বা পিতার রক্তের নমুনা সংগ্রহ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী রক্তের নমুনা সংগ্রহ করা সম্ভব না হইলে এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসারে নমুনা প্রদানকারীর গাল বা মুখ গহ্বরের কোষ অথবা মৃত ব্যক্তির ক্ষেত্রে দাঁত, চুল, কোষকলা বা হাড় সংগ্রহ করিতে হইবে।

(৩) কোন গর্ভস্থ শিশুর (Fetus) পিতৃত্ব নিরূপন করিবার ক্ষেত্রে গর্ভস্থ শিশুর এমনিওটিক ফ্লুইড (Amniotic Fluid) অথবা করিওনিক ভিলাস (Chorionic Villus) এর নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৪) যদি কোন গর্ভস্থ শিশু মৃত অবস্থায় ভূমিষ্ট হয় তাহা হইলে ফিটাস (Fetus) এর পেশী বা মাংসের নমুনার সহিত মাতা ও অভিযুক্ত বা সন্দেহভাজন পিতার রক্তের নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) হইতে (৪) এ উল্লিখিত নমুনা সংগ্রহের ক্ষেত্রে নমুনা প্রদানকারীকে আদালতের নির্দেশ অনুসারে ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে এবং এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া সংশ্লিষ্ট ল্যাবরেটরীর যোগ্যতাসম্পন্ন ব্যক্তি বা নির্ধারিত ব্যক্তি নমুনা সংগ্রহসহ উহা বিশ্লেষণ করিবেন।

৭। ধর্ষক শনাক্তকরণে ডিএনএ নমুনা সংগ্রহ পদ্ধতি।—(১) ধর্ষণ মামলায় ধর্ষক শনাক্তকরণে ফরেনসিক আলামত হিসাবে ঘটনার সময় নির্যাতিতা বা ধর্ষিতা বা ভিকটিম এর পরিহিত কাপড় বা অন্তর্বাস বা বিছানার চাদর বা অন্তঃযোনীরস এবং অভিযুক্ত বা ধর্ষকের রক্তের নমুনা সংগ্রহ করিতে হইবে।

(২) ধর্ষণ অপরাধ সংঘটনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে মেডিক্যাল পরীক্ষার উদ্দেশ্যে নির্যাতিতা বা ধর্ষিতা বা ভিকটিম এর অন্তঃযোনীরস সংগ্রহ করিতে হইবে।

(৩) যদি কোনো কারণে উপ-বিধি (২) এর বিধান অনুযায়ী নির্যাতিতা বা ধর্ষিতা বা ভিকটিম এর মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন করিতে ৭২ (বাহাত্তর) ঘণ্টা অতিক্রান্ত হইয়া যায়, তাহা হইলে রক্তের নমুনা সংগ্রহের জন্য তাহাকে ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে এবং ফরেনসিক আলামত যেমন, ধর্ষিতার পরিহিত কাপড়, অন্তর্বাস, বিছানার চাদর বা অনুরূপ কোন আলামত যথাশীঘ্র সম্ভব ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

(৪) ধর্ষণ মামলার অভিযুক্ত ব্যক্তি যদি পুলিশ হেফাজতে না থাকে তাহা হইলে গ্রেফতারের সাথে সাথে উক্ত ব্যক্তির রক্তের নমুনা সংগ্রহের জন্য ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

৮। অপরাধী সনাক্তকরণে ডিএনএ নমুনা সংগ্রহ পদ্ধতি।—(১) সংঘটিত কোন অপরাধের সহিত সন্দেহভাজন অপরাধীর সম্পর্ক নিরূপনের জন্য উক্ত সন্দেহভাজন বা অভিযুক্ত ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত আলামত, যদি থাকে, ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

(২) অভিযুক্ত ব্যক্তি যদি পুলিশ হেফাজতে না থাকে তাহা হইলে গ্রেফতারের সাথে সাথে উক্ত ব্যক্তির রক্তের নমুনা সংগ্রহের জন্য ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

৯। মৃতদেহ শনাক্তকরণে ডিএনএ নমুনা সংগ্রহ পদ্ধতি।—মৃত ব্যক্তির পরিচয় শনাক্তকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি আলামত হিসাবে সংগ্রহ করিতে হইবে, যথা :—

মৃত ব্যক্তির—

- (ক) দেহ হইতে টিস্যু, দাঁত, চুল বা হাড়; অথবা
- (খ) ব্যবহৃত জিনিসপত্রাদি যেমন, কাপড়, টুথব্রাশ বা অনুরূপ ব্যবহার্য দ্রব্যাদি; অথবা
- (গ) নিকট আত্মীয় যেমন, মাতা, পিতা, স্বামী বা স্ত্রীর সহিত সন্তানের রক্ত; অথবা
- (ঘ) মাতা-পিতা এবং সন্তান না থাকিলে রক্ত সম্পর্কীয় এক বা একাধিক আত্মীয়ের রক্ত।

১০। জৈব নমুনা সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি।—(১) জৈব নমুনা সংগ্রহের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কিট ব্যবহার করিতে হইবে।

(২) যোগ্যতাসম্পন্ন ব্যক্তি বা নির্ধারিত ব্যক্তি এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া অন্যান্য ২(দুই) জন সাক্ষীর উপস্থিতিতে জৈব নমুনা সংগ্রহ করিতে পারিবে।

(৩) জৈব নমুনা বা আলামত সংগ্রহের পর উহা সংরক্ষণ, পরিবহণ বা ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণের ক্ষেত্রে নতুন কাগজের খাম বা ব্যাগে সিলগালা করিয়া প্রেরণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, জৈব নমুনা বা আলামত সংগ্রহের পর উহা সংরক্ষণ, পরিবহণ বা ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণের ক্ষেত্রে কোন অবস্থাতেই পলিথিন বা প্লাস্টিক বা অনুরূপ প্রকৃতির ব্যাগ ব্যবহার করা যাইবে না।

(৪) যে কোন জৈব নমুনা শুকানোর ক্ষেত্রে কোন অবস্থাতেই সূর্যের তাপ অথবা কৃত্রিম বাতাস সৃষ্টিকারী কোন যন্ত্র যেমন, হেয়ার ড্রায়ার বা অনুরূপ কোন ইলেকট্রিক্যাল যন্ত্র ব্যবহার করা যাইবে না।

১১। জৈব নমুনা হিসাবে রক্ত সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে রক্ত সংগ্রহের ক্ষেত্রে 'ইথাইলিনডাইএমাইনটেট্রাএসেটিক এসিড (Ethylenediaminetetraacetic acid)' বা 'ইডিটিএ (EDTA)' ভায়াল এ ২-৩ মিলিলিটার রক্ত সংগ্রহ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী সংগৃহীত নমুনা রেফ্রিজারেটরে ৪° (চার ডিগ্রি) সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে এবং থার্মোফ্লাস্কের ভিতর বরফসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত বা নির্দিষ্টকৃত ব্যক্তির মাধ্যমে নিকটস্থ ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

১২। জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের কোষ সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের কোষ সংগ্রহের জন্য নমুনা সংগ্রহের অনূ্যন ৩০ (ত্রিশ) মিনিট পূর্ব হইতে নমুনা প্রদানকারীকে কোনো কিছু খাওয়া অথবা পান করা হইতে বিরত থাকিতে হইবে।

(২) জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের কোষ সংগ্রহের জন্য ব্যবহৃত বাক্সাল সোয়াব স্টিক এর অগ্রপ্রান্তে রক্ষিত তুলার গুচ্ছটি মুখে প্রবেশ করাইয়া গালের যে-কোনো এক পার্শ্বে ১০ (দশ) বার ভালভাবে ঘর্ষণ করাইতে হইবে এবং প্রতিবার ঘর্ষণের সময় তুলাগুচ্ছটি ঘোরাইতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া অপর গাল হইতেও একইভাবে নমুনা হিসাবে মুখগহ্বরের কোষ সংগ্রহ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য পৃথক পৃথক বাক্সাল সোয়াব স্টিক ব্যবহার করিতে হইবে।

(৫) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের কোষ সংগ্রহ করিবার পর বাক্সাল সোয়াব স্টিক দুইটি নিরাপদ স্থানে রাখিতে হইবে এবং স্বাভাবিক তাপমাত্রায় সোয়াব দুইটিকে ১০-১৫ মিনিট প্রাকৃতিক বাতাসের সাহায্যে শুকাইতে হইবে।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী বাক্সাল সোয়াব স্টিক শুকানোর পর উহাকে বাক্সাল সোয়াব স্টিক টিউব এর মধ্যে প্রবেশ করাইতে হইবে।

১৩। জৈব নমুনা হিসাবে যোনী রস সংগ্রহের পদ্ধতি।—(১) যৌন নির্যাতনের শিকার ব্যক্তিকে যথাশীঘ্র সম্ভব ক্ষেত্রমত, ফরেনসিক চিকিৎসক বা প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ বা আবাসিক চিকিৎসক দ্বারা মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন করাইতে হইবে এবং সংশ্লিষ্ট চিকিৎসক ফরম-৪ পূরণ করিয়া উহাতে স্বাক্ষর করিবেন।

(২) যৌন নির্যাতনের শিকার ব্যক্তি গোসল না করিয়া থাকিলে তাহার শরীরে লাগিয়া থাকা শুকনো লালা বা বীর্য এবং পরিধেয় বস্ত্রাদি ও বিছানায় নাগিয়া থাকা দেহ নিঃসৃত রস বা রক্তের দাগ হইতে নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৩) বিছানায় চাদর বা ম্যাট্রেস বা জাজিম বা তোশক বা অনুরূপ প্রকৃতির কোন কিছুতে লাগিয়া থাকা দেহ নিঃসৃত রস বা রক্তের দাগসহ পরিধেয় বস্ত্রাদি ও বিছানার চাদর প্রাকৃতিক বাতাসে শুকাইয়া নতুন কাগজের খাম বা ব্যাগে সংরক্ষণ করিতে হইবে।

(৪) যদি কোনো কারণে এই বিধিতে বর্ণিত জৈব নমুনা বা আলামত ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে বিলম্ব হয় তাহা হইলে সংগৃহীত নমুনা -২০° (মাইনাস বিশ ডিগ্রি) সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে।

১৪। জৈব নমুনা হিসাবে নখের সাথে লাগিয়া থাকা টিস্যু সংগ্রহের পদ্ধতি।—(১) নির্যাতনের সময়, আত্মরক্ষার্থে, নির্যাতনের শিকার ব্যক্তি নির্যাতনকারীকে হাত বা পায়ের নখ দ্বারা আঁচর কাটিলে নখের মধ্যে লাগিয়া থাকা টিস্যু সংগ্রহের জন্য নখের কর্তনযোগ্য অগ্রভাগ কর্তন করিয়া অথবা কটন বাড (একটি শলাকা দণ্ডের উপরিভাগ তুলা দ্বারা চক্রাকারে গুচ্ছিত) বিশুদ্ধ পানিতে ভিজাইয়া নখের সম্মুখভাগের ভিতরের অংশে ঘষিয়া নমুনা সংগ্রহ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কটন বাডের মাধ্যমে নমুনা সংগ্রহের পর উহা প্রাকৃতিক বাতাসের সাহায্যে শুকাইতে হইবে।

১৫। জৈব নমুনা হিসাবে অন্যান্য টিস্যু সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে টিস্যু সংগ্রহের জন্য একটি পরিষ্কার কাঁচের বোতল বা পাত্রে সাধারণ স্যালাইনের (০.৯% লবণ পানির দ্রবণ) সহিত প্রায় ১০০ (একশত) গ্রাম কলা বা টিস্যু নমুনা হিসাবে সংগ্রহ করিতে হইবে।

(২) মাংসপেশীর যেই অংশ সবচেয়ে কম ক্ষত হইয়াছে সেই অংশ হইতে উপ-বিধি (১) অনুসারে নমুনা সংগ্রহ করিতে হইবে এবং উক্ত নমুনা সংরক্ষণের ক্ষেত্রে ফরমালিন বা প্যারারফিন ব্যবহার করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) ও (২) অনুযায়ী নমুনা সংগ্রহের ক্ষেত্রে মাংসপেশীর উপরিভাগ বা পরিধির ভিতরের অংশ হইতে নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৪) এই বিধি অনুযায়ী সংগৃহীত নমুনা রেফ্রিজারেটরে  $-20^{\circ}$  (মাইনাস বিশ ডিগ্রি) সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে এবং থার্মোফ্লাস্কের ভিতর বরফসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত বা নির্দিষ্টকৃত ব্যক্তির মাধ্যমে নিকটস্থ ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

১৬। জৈব নমুনা হিসাবে চুল সংগ্রহের পদ্ধতি।—জৈব নমুনা হিসাবে চুল সংগ্রহের জন্য মাথা বা দেহের ত্বকের ভিতরে গ্রথিত চুলের মূলকোষসহ ৫-১০ টি চুল নমুনা হিসাবে সংগ্রহ করিয়া একটি পরিষ্কার কাগজে ভাঁজ করিয়া মুড়িয়া রাখিতে হইবে এবং উহা অপর একটি কাগজের খামে ঢুকাইয়া সিলগালা করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত বা নির্দিষ্টকৃত ব্যক্তির মাধ্যমে ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

১৭। জৈব নমুনা হিসাবে হাড় সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে হাড় সংগ্রহের ক্ষেত্রে লম্বা হাড় পরিষ্কার ও শুষ্ক কাগজ বা কাপড়ে পেঁচাইয়া দ্বিতীয় আরেকটি নতুন কাগজের খাম বা ব্যাগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত বা নির্দিষ্টকৃত ব্যক্তির মাধ্যমে ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী জৈব নমুনা হিসাবে হাড় সংগ্রহের ক্ষেত্রে ভাঙ্গা বা ক্ষতযুক্ত হাড় ব্যবহার করা যাইবে না এবং উহা পরিষ্কার করা যাইবে না।

১৮। জৈব নমুনা হিসাবে দাঁত সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে দাঁত সংগ্রহের ক্ষেত্রে মাড়ির কমপক্ষে দুইটি অক্ষত চর্বণ দন্ত (molar teeth) সংগ্রহ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী মাড়ির দাঁত পাওয়া না গেলে, পর্যায়ক্রমে ও প্রাপ্যতা সাপেক্ষে, প্রিমোলার, ক্যানিন অথবা সামনের দাঁত সংগ্রহ করা যাইতে পারে।

(৩) উপ-বিধি (১) বা (২) অনুযায়ী দাঁত সংগ্রহ করিবার পর উহা ব্লীচ করা বা পরিষ্কার করা বা ধৌত করা যাইবে না এবং সংগৃহীত দাঁত পরিষ্কার ও শুষ্ক কাগজ বা কাপড় দিয়া আবৃত করিয়া দ্বিতীয় আরেকটি নতুন কাগজের খাম বা ব্যাগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত বা নির্দিষ্টকৃত ব্যক্তির মাধ্যমে নিকটস্থ ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

১৯। জৈব নমুনা হিসাবে রক্তের দাগ বা ছোপ সংগ্রহের পদ্ধতি।—(১) জৈব নমুনা হিসাবে রক্তের দাগ বা ছোপ (Trace) সংগ্রহের ক্ষেত্রে জমাটবদ্ধ রক্তের অংশ যদি কোনো পোশাক বা পরিহিত বস্ত্রে পাওয়া যায় তাহা হইলে উহা প্রাকৃতিক বাতাসে শুকাইয়া নিকটস্থ ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী নমুনা সংগ্রহের ক্ষেত্রে পরিহিত পোশাক বা বস্ত্রটি বৃহৎ আকৃতির হইলে নমুনাসহ সংশ্লিষ্ট অংশটি কর্তন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী নমুনা সংগ্রহের ক্ষেত্রে উক্ত স্থানটি যদি স্থাবর প্রকৃতির যেমন, রাস্তার পৃষ্ঠভাগ, আসবাবপত্র, দেয়াল বা অনুরূপ কোন স্থান হয়, তাহা হইলে পানি দ্বারা সিক্ত একটি কটন বাড এর মাধ্যমে উক্ত স্থান হইতে রক্তের দাগ বা ছোপ এর নমুনা সংগ্রহ করিতে হইবে।

(৪) এই বিধি অনুযায়ী দাগ বা ছোপ বা জমাটবদ্ধ রক্তের নমুনা সংগ্রহের পর উহা প্রাকৃতিক বাতাসের সাহায্যে শুকাইতে হইবে এবং অনতিবিলম্বে নিকটস্থ ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে হইবে।

(৫) যদি কোনো কারণে এই বিধিতে বর্ণিত জৈব নমুনা বা আলামত ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে বিলম্ব হয় তাহা হইলে সংগৃহীত নমুনা রেফ্রিজারেটরে সংরক্ষণ করিতে হইবে।

২০। জৈব নমুনা হিসাবে করিওনিক ভিলাস এবং এমনিওটিক ফ্লুইড নমুনা সংগ্রহের পদ্ধতি।— জৈব নমুনা হিসাবে করিওনিক ভিলাস এবং এমনিওটিক ফ্লুইড নমুনা একজন প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ বা এতদসংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির মাধ্যমে সংগ্রহ করিতে হইবে।

২১। দূষণ এড়াইবার নির্দেশনা।—আইন এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে দূষণ পরিহারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) নমুনা বা আলামত স্পর্শ করিতে হইলে সর্বদা এককালীন ব্যবহার উপযোগী মেডিকেল হ্যান্ডগ্লাভস ব্যবহার করিতে হইবে;
- (খ) প্রতিবার একটিমাত্র নমুনা বা আলামত লইয়া কাজ করিতে হইবে এবং অন্য আরেকটি নমুনা বা আলামত লইয়া কাজ শুরু করিবার পূর্বে মেডিকেল হ্যান্ডগ্লাভস পরিবর্তন করিতে হইবে;
- (গ) যে স্থানে ডিএনএ থাকিবার সম্ভাবনা আছে সেই স্থানটি খালি হাতে স্পর্শ করা যাইবে না;
- (ঘ) নমুনা বা আলামত পরীক্ষায় সঠিক ও সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির লক্ষ্যে নমুনা বা আলামতের নিকটস্থ স্থানে কথোপকথন, হাঁচি বা কাশি পরিহার করিতে হইবে;
- (ঙ) নমুনা বা আলামত সংগ্রহের সময় পানাহার বা ধূমপান বা অনুরূপ কোন কাজ করা যাইবে না; এবং
- (চ) নমুনা বা আলামত সংগ্রহের সময় নিজের ত্বক, মুখমণ্ডল বা শরীরের অনাবৃত কোন অংশ স্পর্শ করা যাইবে না।

## তৃতীয় অধ্যায়

## নমুনা মোড়কজাতকরণ, পরিবহণ, ইত্যাদি

২২। ডিএনএ নমুনা বা আলামত প্যাকিং।—(১) ডিএনএ নমুনা বা আলামত সংগ্রহের পর উহা সংরক্ষণ ক্ষেত্রে সরাসরি সূর্যের তাপ পড়িতে পারে এইরূপ স্থান হইতে দূরে রাখিতে হইবে।

(২) ডিএনএ নমুনা বা আলামত মোড়কজাত করিবার পর সংশ্লিষ্ট কাগজের খাম বা ব্যাগটির মুখ আঠা দিয়া বন্ধ করিয়া সংশ্লিষ্ট ডিএনএ ল্যাবরেটরী, বা প্রযোজ্য ক্ষেত্রে, হাসপাতালের সীলমোহরযুক্ত করিতে হইবে যাহাতে অন্য কাহারো দৃষ্টিগোচর না হয় বা উহার বৈশিষ্ট্যগত কোন পরিবর্তন না হয়।

(৩) ডিএনএ নমুনা বা আলামত সংগ্রহের পর উহা মামলার প্রকৃতি ও নম্বর অনুযায়ী পৃথক পৃথকভাবে লেভেলযুক্ত করিতে হইবে।

(৪) সংশ্লিষ্ট মামলার তদন্তকারী কর্মকর্তা আলামত মোড়কজাত করিবার পর সংশ্লিষ্ট কাগজের খাম বা ব্যাগ আঠা দিয়া বন্ধ করিয়া ম্যাজিস্ট্রেট, মেডিকেল অফিসার, সংশ্লিষ্ট ডিএনএ ল্যাবরেটরীর প্রধান হিসাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা বৈজ্ঞানিক কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষর করিবেন।

২৩। আলামত বা ডিএনএ নমুনার পরিবহণ।—(১) প্রত্যেক ডিএনএ নমুনার ক্ষেত্রে ডিএনএ ল্যাবরেটরী কর্তৃক সরবরাহকৃত বার কোড সম্বলিত খাম বা স্টিকার ব্যবহার করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নমুনা পরিবহণের জন্য দ্বিতীয় আরেকটি প্যাকেটের মাধ্যমে প্রেরণ করিতে হইবে এবং উপরিস্থ দ্বিতীয় প্যাকেটের উপর লেভেল সংযুক্ত করিতে হইবে।

(৩) এই বিধিমালার অধীন সংগৃহীত ডিএনএ নমুনা কার্যদিবসে প্রেরণ করিতে হইবে, সাপ্তাহিক বা সরকারি ছুটির দিনে প্রেরণ করা যাইবে না।

(৪) সকল ডিএনএ নমুনা সঠিকভাবে লেভেল লাগাইয়া আবদ্ধ করিতে হইবে এবং আবশ্যিকভাবে নিরাপত্তা সিল ব্যবহার করিতে হইবে।

(৫) সকল মোড়কের উপর প্রযোজ্যতা অনুযায়ী, মামলার নম্বর, নমুনার নাম, প্রকৃতি ও সংখ্যা এবং নমুনা প্রেরণের তারিখ উল্লেখ করিতে হইবে।

(৬) নমুনা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত বা নির্দিষ্টকৃত ব্যক্তি অথবা পুলিশের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

২৪। গুণগত মান নিশ্চিতকরণ।—(১) ডিএনএ কার্যক্রমের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ডিএনএ নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের গুণগত মান নিশ্চিত করিবার জন্য প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরী আইন এবং এই বিধিমালার বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

(২) ডিএনএ নমুনা সংগ্রহ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি, রিএজেন্ট ও অন্যান্য সরঞ্জামাদি সুষ্ঠুভাবে সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে।

২৫। ডিএনএ নমুনাসমূহ স্ক্রিনিং।—(১) প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরী নমুনাসমূহের মধ্যে রক্ত, মুখের লালা, বীর্য এবং দেহগত অন্যান্য পদার্থের উপস্থিতি নির্ণয় করিবার জন্য উক্ত নমুনা স্ক্রিনিং এর ব্যবস্থা গ্রহণ করিবে।



(২) উপ-বিধি (১) অনুযায়ী স্ক্রিনিং করিবার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

২৬। ডিএনএ এক্সট্রাকশন।—প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীকে ডিএনএ নমুনা হইতে ডিএনএ এক্সট্রাকশন করিবার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

২৭। ডিএনএ এর পরিমাণ নির্ধারণে যন্ত্রপাতি।—প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীতে ডিএনএ এর পরিমাণ নির্ধারণ করিবার জন্য প্রয়োজনীয় আন্তর্জাতিক মানসম্পন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি থাকিতে হইবে।

২৮। পলিমারেজ চেইন রিয়াকশন (পিসিআর)।—(১) প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীকে ধারা ২ এর দফা (৭) এ উল্লিখিত জেনেটিক মার্কার এর জেনোটাইপ নির্ণয় করিবার জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন পলিমারেজ চেইন রিয়াকশন (পিসিআর)কিট ব্যবহার করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পিসিআর এর মাধ্যমে নিম্নবর্ণিত মার্কার ব্যবহার করিতে হইবে, যথা :—

- (ক) অটোজোমাল ডিএনএ মার্কার;
- (খ) ওয়াই-ক্রোমজোমাল ডিএনএ মার্কার;
- (গ) এক্স-ক্রোমজোমাল ডিএনএ মার্কার;
- (ঘ) মাইটোকন্ড্রিয়াল ডিএনএ মার্কার; এবং
- (ঙ) সিঙ্গেল নিউক্লিওটাইড পলিমর্ফিজম (এসএনপি) মার্কার।

ব্যাখ্যা : এই বিধিতে ‘পিসিআর’ অর্থ পলিমারেজ চেইন রিয়াকশন যাহা একটি বৈজ্ঞানিক পদ্ধতি এবং এই পদ্ধতির মাধ্যমে ডিএনএ এর একটি নির্দিষ্ট অংশের অনুলিপি তৈরি করে ডিএনএ এর পরিমাণ বৃদ্ধি করা যায়।

২৯। ডিএনএ নমুনা বিশ্লেষণ।—প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরী যথাযথ মান নিশ্চিত করিবার লক্ষ্যে ডিএনএ নমুনা চূড়ান্ত বিশ্লেষণের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ব্যবহার করিবে।

৩০। ডিএনএ নমুনা প্রেরণ।—(১) সকল প্রকার নমুনার সহিত পূরণকৃত নির্ধারিত অগ্রায়ন পত্র (ফরম-১) এবং সম্মতি ফরম (ফরম-২) এবং ধর্ষণ মামলার ক্ষেত্রে মেডিকেল পরীক্ষার ফরম (ফরম-৪) যথাযথভাবে পূরণ করিতে হইবে।

(২) প্রযোজ্য ক্ষেত্রে, উপ-বিধি (১) এ উল্লিখিত ফরমে ম্যাজিস্ট্রেট, মেডিকেল অফিসার, আইনজীবী বা তদন্তকারী কর্মকর্তার উপস্থিতিতে নমুনা প্রদানকারীকে স্বাক্ষর করিতে হইবে।

৩১। ডিএনএ নমুনা সংগ্রহের ক্ষেত্রে ব্যক্তিগত উপস্থিতি।—(১) ডিএনএ নমুনা সংগ্রহ ও সনাক্তকরণের ক্ষেত্রে নমুনা সংগ্রহকারী সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিবেন এবং যাহার নমুনা সংগ্রহ করা হইবে তাহাকে অবশ্যই সংশ্লিষ্ট স্ক্রিনিং বা ডিএনএ ল্যাবরেটরীতে উপস্থিত করিতে হইবে।

(২) যে ব্যক্তির নমুনা সংগ্রহ করা হইতেছে তাহার একটি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি নমুনার সহিত সংরক্ষণ করিতে হইবে এবং ছবির অপর পৃষ্ঠায় উক্ত ব্যক্তির বাম হাতের বৃদ্ধাঙ্গুলের (Thumb) ছাপ এবং নাম লিখিয়া রাখিতে হইবে।

৩২। ডিএনএ নমুনা প্রেরণ ও বিশ্লেষণে গোপনীয়তা।—(১) ডিএনএ নমুনা প্রেরণের বিষয় কোন অবস্থাতেই নমুনার সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট কোন পক্ষ বা অন্য কোন স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত বা এ সম্পর্কিত কোন তথ্য প্রদান করা যাইবে না।

(২) ডিএনএ নমুনা প্রেরণের সময় বহিষ্কৃত মোড়কে আবশ্যিকভাবে স্মারক নম্বর উল্লেখ করিতে হইবে এবং অভ্যন্তরীণ মোড়কে নমুনা প্রদানকারী ব্যক্তির নাম ও ঠিকানা এবং জাতীয় পরিচয়পত্র নম্বর বা পাসপোর্ট নম্বর বা জন্ম নিবন্ধন নম্বর বা অন্য কোন প্রচলিত পরিচিতিমূলক তথ্য ব্যবহার করিতে হইবে।

(৩) নমুনা প্রেরণকারী কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত ব্যক্তি ব্যতীত অন্য কাহাকেও নমুনা বিশ্লেষণের ফলাফল মৌখিক বা লিখিত আকারে অবহিত বা প্রদান করা যাইবে না।

#### চতুর্থ অধ্যায়

#### প্রবেশাধিকার ডাটাবেইজ সংরক্ষণ, ইত্যাদি

৩৩। ডিএনএ ল্যাবরেটরীতে প্রবেশাধিকার সংরক্ষিত।—(১) প্রতিটি ডিএনএ ল্যাবরেটরীতে প্রবেশাধিকার সংরক্ষিত থাকিবে।

(২) ডিএনএ ল্যাবরেটরীসমূহের বাহিরে, প্রবেশদ্বারে এবং ভিতরে পর্যবেক্ষণের জন্য অন্ধকারে চিত্রধারণ ও দীর্ঘ সময়ের স্বয়ংক্রিয়ভাবে রেকর্ডিং করিবার ক্ষমতাসম্পন্ন সার্বক্ষণিক চলমান সিসি ক্যামেরা স্থাপন করিতে হইবে।

(৩) ডিএনএ কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তিকে ডিএনএ ল্যাবরেটরীতে প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না।

(৪) ডিএনএ ল্যাবরেটরীসমূহে প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণের জন্য ডিজিটাল এবং ম্যানুয়াল উভয় পদ্ধতিতে ডিএনএ ল্যাবরেটরীসমূহে কর্মরত কর্মচারীদের জন্য রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(৫) ডিএনএ ল্যাবরেটরীসমূহে কর্মরত কর্মচারীদের জন্য সংরক্ষিত রেজিস্টারে নাম, পদবি, আগমনের সময় ও প্রস্থানের সময় তারিখ অনুযায়ী উল্লেখ করিতে হইবে।

(৬) ডিএনএ ল্যাবরেটরীতে প্রত্যেকবার আগমন ও প্রস্থানের তথ্য লিপিবদ্ধ করিতে হইবে।

(৭) সংশ্লিষ্ট ডিএনএ ল্যাবরেটরী প্রধান প্রতিদিন উক্ত রেজিস্টারসমূহ যাচাই করিবেন এবং উক্তরূপ যাচাইয়ের বিষয়টি সংশ্লিষ্ট রেজিস্টারে স্বাক্ষরসহ উল্লেখ করিতে হইবে।

৩৪। ডিএনএ ডাটাবেইজ সংরক্ষণ।—(১) প্রতিটি ডিএনএ ল্যাবরেটরীতে সংগৃহীত নমুনাসমূহ ডিএনএ বিশ্লেষণ পূর্ব ও পরবর্তী উভয় ক্ষেত্রে ডিএনএ ডাটাবেইজে পৃথকভাবে ও সুষ্ঠুভাবে সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রতিটি ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরিত ডিএনএ নমুনা অথবা উক্ত ল্যাবরেটরীতে সরাসরি সংগৃহীত ডিএনএ নমুনাসমূহের তথ্য এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক সংরক্ষণ করিতে হইবে।

(৩) ডিএনএ ডাটাবেইজ সুরক্ষিত অবস্থায় রাখিতে হইবে এবং তথ্যসমূহ সংরক্ষণের ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে যান্ত্রিক ত্রুটি বা অন্য কোন কারণে ক্ষতিগ্রস্ত হলেও উক্ত বিকল্প ব্যবস্থা দ্বারা উহা পুনরুদ্ধার করা সম্ভব হয়।

(৪) তথ্যের গোপনীয়তা ও সংরক্ষণের বিষয়ে নমুনা সম্পর্কিত তথ্যসমূহ এবং বিশ্লেষণের সহিত সরাসরি সম্পর্কিত ব্যক্তিবর্গ প্রাথমিকভাবে, এবং ডাটাবেইজ সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি সার্বিকভাবে দায়ী থাকিবেন।

৩৫। ডাটাবেইজে সংরক্ষিত প্রবেশাধিকার, তথ্য সরবরাহ, ইত্যাদি—(১) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে ডিএনএ ল্যাবরেটরীতে সংরক্ষিত তথ্যসমূহে উক্ত ল্যাবরেটরীতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাহারো প্রবেশাধিকার থাকিবে না।

(২) আদালতের আদেশে বা আইন-শৃঙ্খলা বাহিনীর অনুরোধে কেবল উক্ত আদেশ বা অনুরোধ পত্রে উল্লিখিত ব্যক্তির অনুকূলে তথ্য সরবরাহ করা যাইবে।

#### পঞ্চম অধ্যায়

#### সভা, ফি ও বিবিধ

৩৬। উপদেষ্টা পরিষদের সভা, কোরাম, ইত্যাদি—(১) উপদেষ্টা পরিষদের সভা উপযুক্ত কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে অথবা, ক্ষেত্রমত, চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হইবে।

(২) উপদেষ্টা পরিষদের মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৩) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর উপদেষ্টা পরিষদের সাচিবিক দায়িত্ব পালন করিবে।

(৪) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক উপদেষ্টা পরিষদের সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৩৭। ডিএনএ ল্যাবরেটরী কারিগরী কমিটি—(১) ধারা ১৯ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি ডিএনএ ল্যাবরেটরী কারিগরী কমিটি গঠিত হইবে, যথা :—

- (ক) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর মহাপরিচালক, যিনি কমিটির সভাপতিও হইবেন;
- (খ) ঢাকা মেডিক্যাল কলেজের ফরেনসিক মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান;
- (গ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকিউলার বায়োলজি বিভাগের চেয়ারম্যান;
- (ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান;
- (ঙ) ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি এর মহাপরিচালক;
- (চ) সরকার কর্তৃক মনোনীত ডিএনএ সম্পর্কিত বিষয়ে বিশেষ জ্ঞান বা অভিজ্ঞতাসম্পন্ন ২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তি; এবং
- (ছ) ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী (এনএফডিপিএল) এর প্রধান হিসাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, যিনি কমিটির সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর দফা (চ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহার মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময়, কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত সদস্যকে তাহার সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং উক্ত সদস্যও সরকারের উদ্দেশ্য স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদ ত্যাগ করিতে পারিবেন।

৩৮। ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভা—(১) ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভা বৎসরে অনূন ২ (দুই) বার অনুষ্ঠিত হইবে।

(২) ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভাপতি কর্তৃক সভার তারিখ, সময় ও স্থান নির্ধারিত হইবে।

(৩) ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভার কোরামের জন্য কমিটির সভাপতিসহ উহার মোট সদস্য সংখ্যার অনূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৫) ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সভায় সভাপতিসহ উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে প্রদত্ত ভোটের সমতার ক্ষেত্রে, সভার সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৩৯। দায়িত্বে অবহেলা—আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী কোন ব্যক্তি ডিএনএ নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ, তথ্য সংরক্ষণ বা এতদসম্পর্কিত কোন বিষয়ে তাহার উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে উক্ত কর্তব্য কর্মে অবহেলা বা অসদাচরণের দায়ে তাহার বিরুদ্ধে আইনানুগ বা শৃঙ্খলামূলক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৪০। ফি নির্ধারণ—সরকার, ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ডিএনএ বিশ্লেষণের ফি নির্ধারণ বা পুনর্নির্ধারণ করিতে পারিবে।

৪১। প্রশিক্ষণ ও প্রচার—(১) উপযুক্ত কর্তৃপক্ষ বিচারক, পুলিশ আইনজীবী, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারী, বিভিন্ন পর্যায় ও শ্রেণির শিক্ষা ও প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীসহ কর্তৃপক্ষের বিবেচনায় যাহাদের ডিএনএ কার্যক্রমের বিষয়ে সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন তাহাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ব্যবস্থা ছাড়াও উপযুক্ত কর্তৃপক্ষ ডিএনএ কার্যক্রমের বিষয়ে জনগণকে সচেতন করিবার লক্ষ্যে প্রচারণা ও আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৪২। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই বিধিমালার অনুমোদিত ইংরেজি পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর  
অগ্রায়ন পত্র  
[বিধি ৩, ৬ ও ৩০ দ্রষ্টব্য]  
'প্রথম অংশ'  
মামলার বিবরণ

মামলা নং :.....	কোন আইনের মামলা :.....
থানা :.....	আইনের ধারা :.....
জেলা :.....	আদালত :.....

## অপরাধের বিবরণ

(অপরাধের প্রেক্ষিত, প্রকৃতি ও প্রাসঙ্গিক তথ্য সম্বলিত পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে)

--

ডিএনএ বিশ্লেষণের জন্য প্রেরিত প্রদর্শনী ও সংরক্ষিত বিষয়সমূহের তালিকা  
(প্রয়োজনবোধে পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে)

ডিএনএ বিশ্লেষণ প্রয়োজন .....
(মাতৃত্ব নিরূপণ/পিতৃত্ব নিরূপণ/পরিচিতি নিশ্চিতকরণ/অন্যান্য বিষয়)
.....
.....
.....
.....
.....
.....

অনুসন্ধানকারী কর্মকর্তার স্বাক্ষর :

নাম ও পদবি (তারিখ ও সীলমোহরসহ)

'দ্বিতীয় অংশ'  
ক্ষমতা অর্পণ সনদ

এতদ্বারা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, ডিএনএ ল্যাবরেটরী ..... কে মামলা নং/সূত্র নং..... থানা/আদালত..... কর্তৃক প্রেরিত প্রদর্শন/বস্তু/নমুনা পরিপূর্ণ বা আংশিক ব্যবহার করিয়া ডিএনএ বিশ্লেষণের জন্য ক্ষমতা অর্পণ করা হইল।
---

অগ্রায়নকারী কর্মকর্তার স্বাক্ষর  
নাম, পদবি, তারিখ ও দাপ্তরিক সীলমোহর  
(যাহার নিকট রিপোর্ট প্রেরণ করিতে হইবে)

- বিশেষ দ্রষ্টব্য : (১) এই ফরমের গঠন কাঠামো ও তথ্যসমূহ অপরিবর্তিত রাখিয়া অনুলিপি ব্যবহার করা যাইবে।  
(২) বায়োলজিক্যাল বস্তু ডিএনএ বিশ্লেষণের জন্য এই ফরম যথাযথভাবে পূরণপূর্বক নমুনা প্রেরণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর

পাসপোর্ট সাইজের ছবি

সম্মতি পত্র  
[বিধি ৪ ও ৩০ দ্রষ্টব্য]

‘প্রথম অংশ’

নমুনা প্রদানকারীর বৃত্তান্ত :

- ১। নাম : .....
  - ২। পিতা/স্বামী/অভিভাবকের নাম : .....
  - ৩। মাতার নাম : .....
  - ৪। বয়স : .....
  - ৫। লিঙ্গ : .....
  - ৬। ঠিকানা : .....
  - ৭। মোবাইল নম্বর : .....
  - ৮। গত তিন মাসের মধ্যে রক্ত গ্রহণ  
করিয়েছেন কিনা ? হ্যাঁ  না
  - ৯। নমুনা সংগ্রহের তারিখ : .....
- মামলার বিবরণ :
- ১। মামলা নং : .....
  - ২। সংশ্লিষ্ট আইনের ধারা : .....
  - ২। থানা/আদালত : .....
  - ৪। নমুনা প্রদানকারীর সহিত মামলার সম্পর্ক : অভিযুক্ত/সন্দেহভাজন/মাতা/পিতা/শিশু/অন্যান্য .....

‘দ্বিতীয় অংশ’

নমুনা প্রদানকারী/অভিভাবকের বিবৃতি

আমি.....আমার পূর্ণ সম্মতিতে ডিএনএ পরীক্ষার জন্য নমুনা প্রদান করিতেছি।  
আমার সম্পর্কে প্রদেয় উপরোক্ত তথ্য সত্য।

নমুনার তথ্যঃ তরল রক্ত  মুখ গহ্বরের টিস্যু  এফটিএ কার্ড  অন্যান্য

বাম   
 ডান

(নমুনা প্রদানকারীর বৃদ্ধাঙ্গুলির (টিপসই)

স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির টিপসই (নমুনা প্রদানকারী/অভিভাবক)

নমুনা প্রদানকারীর সাথে সম্পর্ক (যদি অভিভাবক  
কর্তৃক স্বাক্ষর/টিপসই হয়)  
স্বাক্ষী/আইনজীবী/তদন্তকারী কর্মকর্তা

ঃ পিতা  মাতা  অন্যান্য

স্বাক্ষর:.....  
নাম:.....  
পদবি:.....  
ঠিকানা:.....  
তারিখ:.....

স্বাক্ষর:.....  
নাম:.....  
পদবি:.....  
ঠিকানা:.....  
তারিখ:.....

‘তৃতীয় অংশ’

(ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরী কর্তৃক ব্যবহারের জন্য)

ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরীর নাম : .....

নমুনা গ্রহণকারীর নাম: ..... স্বাক্ষর.....

ডিএনএ ল্যাবরেটরীতে প্রেরণের তারিখ : .....

‘চতুর্থ অংশ’  
(ডিএনএ ল্যাবরেটরী কর্তৃক ব্যবহারের জন্য)

ডিএনএ ল্যাবরেটরীর নথি নং :.....রিপোর্ট নং.....  
নমুনা নং :.....নমুনা গ্রহণের তারিখ :.....  
নমুনা গ্রহণকারীর নাম:.....  
দায়িত্বপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তা :.....

(স্বাক্ষর)  
নাম ও পদবি  
তারিখ ও দাপ্তরিক সীলমোহরসহ

- বিশেষ দৃষ্টব্য: (১) প্রত্যেক কলাম পূরণ করণ এবং প্রযোজ্য না হইলে ‘প্রযোজ্য নয়’ উল্লেখ করিতে হইবে।
- (২) পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাইতে হইবে। পিন অথবা স্ট্যাপলার ব্যবহার করা যাইবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর  
অসম্মতিপত্র  
[বিধি ৪ দ্রষ্টব্য]  
'প্রথম অংশ'

পাসপোর্ট সাইজের  
ছবি

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির বৃত্তান্ত :

- ১। নাম :.....
- ২। পিতা/স্বামী/অভিভাবকের নাম :.....
- ৩। মাতার নাম :.....
- ৪। বয়স :.....বৎসর.....মাস.....দিন
- ৫। লিঙ্গ :.....
- ৬। ঠিকানা : গ্রাম :.....ডাকঘর.....  
উপজেলা/থানা :.....জেলা :.....
- ৭। মোবাইল নম্বর :.....
- মামলার বিবরণ :
- ১। মামলা নং :.....
- ২। সংশ্লিষ্ট আইনের ধারা :.....
- ৩। থানা/আদালত :.....
- ৪। নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির সহিত মামলার সম্পর্ক : অভিযুক্ত/সন্দেহভাজন/মাতা/পিতা/  
শিশু/অন্যান্য.....
- অসম্মতির কারণ :.....
- .....
- .....
- .....

‘দ্বিতীয় অংশ’

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তি/অভিভাবকের বিবৃতি

আমি.....ডিএনএ পরীক্ষার জন্য নমুনা প্রদান করিতে অসম্মতি জ্ঞাপন  
করিতেছি। আমার সম্পর্কে প্রদেয় উপরোক্ত তথ্য সত্য।

বাম   
ডান

(নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির  
বৃদ্ধাঙ্গুলির টিপসই)।

স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির টিপসই (নমুনা প্রদান  
করিতে অনিচ্ছুক ব্যক্তি/অভিভাবক)

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির সহিত সম্পর্ক (যদি অভিভাবক কর্তৃক স্বাক্ষর/টিপসই হয়) :

পিতা  মাতা  অন্যান্য

‘তৃতীয় অংশ’

ম্যাজিস্ট্রেট/মেডিক্যাল অফিসার/আইনজীবী/তদন্তকারী কর্মকর্তা

স্বাক্ষর:.....	স্বাক্ষর:.....
নাম:.....	নাম:.....
পদবি:.....	পদবি:.....
ঠিকানা:.....	ঠিকানা:.....
তারিখ:.....	তারিখ:.....
মোবাইল নম্বর:.....	মোবাইল নম্বর:.....



‘চতুর্থ অংশ’

(ডিএনএ ল্যাবরেটরী কর্তৃক ব্যবহারের জন্য)

ডিএনএ ল্যাবরেটরীর নথি নং :.....রিপোর্ট নং :.....

নমুনা নং :..... নমুনা গ্রহণের তারিখ :.....

নমুনা গ্রহণকারীর নাম:.....

দায়িত্বপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তা :.....

(স্বাক্ষর)

নাম ও পদবি

তারিখ ও দাপ্তরিক সীলমোহরসহ

বিশেষ দৃষ্টব্য: (১) প্রত্যেক কলাম পূরণ করণ এবং প্রযোজ্য না হইলে ‘প্রযোজ্য নয়’ উল্লেখ করিতে হইবে।

(২) পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাইতে হইবে। পিন অথবা স্ট্যাপলার ব্যবহার করা যাইবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর  
ডাক্তারী পরীক্ষার ফরম  
[বিধি ১৩ দ্রষ্টব্য]  
‘প্রথম অংশ’

পাসপোর্ট সাইজের  
ছবি

মামলার বিবরণ : মামলা নং : .....ধারা : ..... থানা : .....আদালত : ..... জেলা : .....বিভাগ : .....
ভিকটিম সম্পর্কিত তথ্য : নাম : .....পিতা/স্বামী/অভিভাবকের নাম : ..... মাতার নাম : .....বয়স : ..... বৈবাহিক অবস্থা : বিবাহিত <input type="checkbox"/> অবিবাহিত <input type="checkbox"/> অন্যান্য <input type="checkbox"/> নির্দিষ্ট করুন : .....
ঘটনার বিবরণ : ..... ঘটনার তারিখ ও সময় : ..... ঘটনার সহিত জড়িত ব্যক্তির সংখ্যা : ..... ঘটনার সহিত সম্পৃক্ততা : <input type="checkbox"/> বাদী <input type="checkbox"/> সন্দেহভাজন <input type="checkbox"/> বিবাদী ঘটনার প্রকৃতি : <input type="checkbox"/> ভ্যাজাইনাল <input type="checkbox"/> অ্যানাল <input type="checkbox"/> অন্যান্য জন্ম নিরোধক ব্যবহৃত হয়েছে কি না? (নির্দিষ্ট করুন) : <input type="checkbox"/> না <input type="checkbox"/> কনডম <input type="checkbox"/> স্পার্মিসিডাল ধৌত করিয়াছেন কি না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না গোসল করিয়াছেন কি না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না রক্তপাত হইয়াছে কি না? <input type="checkbox"/> না <input type="checkbox"/> মাসিক <input type="checkbox"/> ট্রমাটিক
বিগত সাত দিনের যৌন সম্পর্কের বিবরণ : তারিখ : ..... সময় : ..... যৌন সহযোগীর তথ্য : ..... জন্ম নিরোধক ব্যবহৃত হয়েছে কি না? (নির্দিষ্ট করুন) : <input type="checkbox"/> না <input type="checkbox"/> কনডম <input type="checkbox"/> স্পার্মিসিডাল ধৌত করিয়াছেন কি না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না গোসল করিয়াছেন কি না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না
পরীক্ষার সহিত সম্পর্কযুক্ত অন্যান্য তথ্যাবলি : বিগত তিন মাসের মধ্যে রক্ত গ্রহণ করিয়াছেন কি না? <input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না মেনারিকি : পিরিয়ড : এল, এম, পি : ..... ছেলে-মেয়ের সংখ্যা : ..... শেষ সন্তানের বয়স :

‘দ্বিতীয় অংশ’

হলফনামা

আমি ..... সম্পূর্ণ স্বেচ্ছায়, স্বজ্ঞানে এবং কাহারও দ্বারা প্রভাবিত বা প্ররোচিত না হইয়া ডিএনএ পরীক্ষার জন্য নমুনা প্রদান করিতেছি। উপরে বর্ণিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল। স্বাক্ষর : .....	বৃদ্ধাঙ্গুলির ছাপ
---	----------------------

## ‘তৃতীয় অংশ’

পরীক্ষার বিবরণ :.....	
পরীক্ষার স্থান :.....	
পরীক্ষার তারিখ :.....	পরীক্ষার সময় :.....
চিকিৎসকের নাম :.....	স্বাক্ষর :.....
মহিলা সহকারী :.....	স্বাক্ষর :.....
উপস্থিত কর্মকর্তার নাম :.....	স্বাক্ষর :.....
সংগৃহীত নমুনা :	
<input type="checkbox"/> রক্ত	<input type="checkbox"/> ভ্যাজাইনাল সোয়াব
<input type="checkbox"/> রেকটাম নিঃসৃত নমুনা	<input type="checkbox"/> মুখ নিঃসৃত নমুনা
<input type="checkbox"/> পেনিস নিঃসৃত নমুনা	<input type="checkbox"/> নখ হইতে প্রাপ্ত নমুনা
<input type="checkbox"/> চুল	<input type="checkbox"/> কাপড়
<input type="checkbox"/> শরীরের অন্য অংশ হইতে সংগৃহীত সোয়াব	
‘চতুর্থ অংশ’	
(ডিএনএ ল্যাবরেটরী কর্তৃক ব্যবহারের জন্য)	
ডিএনএ ল্যাবরেটরীর নথি নং :.....	রিপোর্ট নং :.....
নমুনা নং :.....	নমুনা গ্রহণের তারিখ :.....
নমুনা গ্রহণকারীর নাম :.....	
দায়িত্বপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তা :.....	
(স্বাক্ষর)	
নাম ও পদবি	
তারিখ ও দাপ্তরিক সীলমোহরসহ	

- বিশেষ দৃষ্টব্য: (১) প্রত্যেক কলাম পূরণ করুন এবং প্রযোজ্য না হইলে ‘প্রযোজ্য নয়’ উল্লেখ করিতে হইবে।
- (২) পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাইতে হইবে। পিন অথবা স্ট্যাপলার ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাছিমা বেগম এনডিসি  
সচিব।